

প্রকাশ : ১৪ ডিসেম্বর, ২০১৬ ২২:৫৩  
আপডেট : ১৪ ডিসেম্বর, ২০১৬ ২২:৫৯

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

# 'বিদেশীদের নামে সড়ক হবে'

| অনলাইন ডেস্ক



রাজধানীর কূটনৈতিক পাড়া গুলশানে মুক্তিযুদ্ধে অবদানের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয় সম্মাননাপ্রাপ্ত বিদেশী নাগরিকদের নামে সড়কের নামকরণ করা হবে।

একাত্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটির নেতৃবৃন্দ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের কার্যালয়ে

তার সঙ্গে সাক্ষাৎকালে নামকরণের এ দাবি জানালে মেয়র এ কথা বলেন।

এ সময় একান্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটির ভারপ্রাপ্ত সভাপতি শাহরিয়ার কবির, অধ্যাপক মুনতাসীর মামুন, অবসরপ্রাপ্ত বিচারপতি শামসুল হুদা প্রমুখ উপস্থিত ছিলেন।

মেয়র আনিসুল হক বলেন, বিদেশী নাগরিকদের নামে সড়কের নামকরণের আগে বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে পরামর্শ করা হবে। প্রধানমন্ত্রী এ ব্যাপারে অনুমতি প্রদান করলে শিগগির রাজধানীর গুলশানে বিদেশী নাগরিকদের নামে সড়কের নাম রাখা হবে।

বিডি-প্রতিদিন/১৪ ডিসেম্বর, ২০১৬/সালাহ উদ্দীন